

পথশিশুদের তিলোত্তমা মহানগরী অভিযান

নিজস্ব প্রতিনিধি : পথ শিশুদের নিয়ে এক অভিনব সফরের সাক্ষী থাকল তিলোত্তমা মহানগরী। শনিবার হিন্দুস্থান মোটরসের সাম্প্রতিকতম অ্যান্সাস্যাডর চড়ে ধর্মতলা চত্বর ঘুরে দেখল প্রায় ২৪জন পথশিশু। বিশেষ করে ভিক্টোরিয়া মেমোরিয়াল ঘুরে দেখেন এরা। এই পথশিশুদের বয়স আনুমানিক ৮-১২ বছরের মধ্যে।

হিন্দুস্থান মোটরসের সঙ্গে পথ শিশুদের এই মিলনের ক্ষেত্রে

অনুঘটকের ভূমিকা নিয়ে ছিল মাদার টেরিজার স্মৃতি বিজড়িত মিশনারিজ অফ চ্যারিটিজ। কলকাতার বিভিন্ন ফুটপাথেই এদের স্থায়ী বসবাস। সেই কচিকাঁচাদের মুখে কার্যত খুশির ধারা প্রবহমান হল এদিন। সাতটি অ্যান্সাস্যাডর গাড়িতে চড়ে এই শহর ভ্রমণ করল এরা।

যাত্রার শুরুটা হয়েছিল মিশনারি অফ চ্যারিটিজের এজিসি বোস রোডের শিশু ভবন থেকে। এক এক করে নেহেরু চিল্ড্রেন

মিউজিয়াম, আকাশবানী ভবন, ইডেন গার্ডেন্স, রাজভবন, প্রিন্সেপ ঘাট ঘুরে ভিক্টোরিয়াতে এসে এই শহর পরিভ্রমণ শেষ হয়।

মূলত এই পথ শিশুদের শহরের সঙ্গে পরিচিতি ঘটানো এবং সর্বোপরি বিনোদন ছিল এই পরিভ্রমণের উদ্দেশ্য। এই পরিভ্রমণ আগাগোড়া উপভোগ করে এই ছোটরা। তাদের প্রাণোচ্ছল হাঁসিতে ফুটে ওঠে সেই আনন্দের পরিভাষা।